

01 Apr 2013 11:13:19 AM Monday BdST

## ‘দেশের চলচ্চিত্রের ধারা বদলাবে তরুণরা’

শেরিফ সায়ার

বাংলানিউজটোয়েন্টিফোর.কম



**ঢাকা:** রাজধানীর ব্র্যাক ইউনিভার্সিটিতে হয়ে গেল ইন্ড্রা-ইউনিভার্সিটি অ্যাড এবং শর্টফিল্ম প্রতিযোগিতা ‘মিরর’। এ আয়োজনে অনলাইন মিডিয়া পার্টনার হিসেবে ছিল দেশের অন্যতম জনপ্রিয় অনলাইন নিউজপোর্টাল বাংলানিউজটোয়েন্টিফোর.কম।

রোববার ব্র্যাক ইউনিভার্সিটির অডিটোরিয়ামে সেরাদের নাম ঘোষণা করা হয়। এ অনুষ্ঠানে বিচারকরা ছাড়াও উপস্থিত ছিলেন বিশিষ্ট চলচ্চিত্র নির্মাতা মোরশেদুল ইসলাম।

তিনি তার বক্তব্যে বলেন, “এক সময় বাংলাদেশে চলচ্চিত্র নিয়ে কাজ করবে এমন ছেলেমেয়েই পাওয়া যেত না। কিন্তু আজ তরুণরা দেশের চলচ্চিত্র নিয়ে কাজ করতে আগ্রহী হয়ে উঠছে। এটা আমাদের স্বপ্ন দেখাচ্ছে। এভাবেই একদিন বাংলাদেশের চলচ্চিত্র পূর্ণতা পাবে।”

ব্র্যাক ইউনিভার্সিটি ফিল্ম ক্লাবের উদ্যোগে এ প্রতিযোগিতায় ১ মাসব্যাপী শিক্ষার্থীদের নিজেদের তৈরি বিজ্ঞাপন এবং শর্টফিল্ম চাওয়া হয়। এতে ব্র্যাক ইউনিভার্সিটির শিক্ষার্থীদের মধ্যে থেকে উঠে আসে বেশ কয়েকটি বিজ্ঞাপন ও শর্টফিল্ম।

আয়োজকরা জানান, ২২টি শর্টফিল্ম এবং ৫টি বিজ্ঞাপন জমা পড়ে। এদের মধ্যে থেকেই সেরা নির্বাচন করার জন্য বিচারকদের কাছে শর্টফিল্ম ও বিজ্ঞাপন পাঠানো হয়। বিচারক হিসেবে ছিলেন জনপ্রিয় চলচ্চিত্র নির্মাতা রেদওয়ান রনি ও বিশিষ্ট বিজ্ঞাপন নির্মাতা পিপলু খান।

বিচারকদের নির্বাচনে বিজ্ঞাপনে সেরা হয়েছে ব্র্যাক ইউনিভার্সিটির শিক্ষার্থী সাকিব খান। এছাড়াও শর্টফিল্মের বিভিন্ন বিভাগেও সেরা নির্বাচন করা হয়।

সেরা তিন বিভাগে পুরস্কার পেয়েছে ‘দ্য এগ্রিমেন্ট’। এর মধ্যে সেরা পরিচালক ও সেরা সিনেমাটোগ্রাফার জি নাইম চৌধুরী এবং সেরা অভিনেতা তাহরীম এশরাক।

অন্যদিকে ‘নিরালোকের গল্প’ ছবির জন্য সেরা স্ক্রিপ্ট রাইটার নির্বাচিত হয়েছেন আবু নাসিম সুখা। এছাড়াও সেরা ছবির পুরস্কার জিতে নেয় ‘দ্য এগ্রিমেন্ট’।

দ্য এগ্রিমেন্টের পরিচালক ব্র্যাক ইউনিভার্সিটির শিক্ষার্থী এশরাক বলেন, “এমন আয়োজন আমাদের অন্য একটি অনুভূতি এনে দিলো। জীবনে কিছু করার নতুন অনুপ্রেরণা জোগালো। আমি এগিয়ে যেতে চাই।”

এমন আয়োজন সম্পর্কে আয়োজকরা বাংলাদেশকে অনলাইন মিডিয়া পার্টনার হিসেবে সহযোগিতা করার জন্য বিশেষভাবে ধন্যবাদ জানান।

তারা বলেন, “এবারই প্রথম ব্র্যাক ইউনিভার্সিটি ফিল্ম ক্লাব এধরনের আয়োজন করলো। ভবিষ্যতে দেশব্যাপী এধরনের আয়োজন করার ইচ্ছে আছে।”

**বাংলাদেশ সময়: ২২০৮ ঘণ্টা, এপ্রিল ০১, ২০১৩**

*সম্পাদনা: আবু হাসান শাহীন, নিউজরুম এডিটর, আশিস বিশ্বাস, অ্যাসিস্ট্যান্ট আউটপুট এডিটর*